**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 27-12-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Passed way Dr.Manmohan Sing:**

প্রাক্তন প্রধানমন্ত্রী ও দেশের বিশিষ্ট অর্থণীতিবীদ ডঃ মনমোহন সিং প্রয়াত। গতকাল রাত ৯ টা ৫১ মিনিটে নয়াদিল্লির অল ইন্ডিয়া ইনষ্টিটিউট অব মেডিকেল সায়েন্স এইমস হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। শ্বাসকষ্ট জনিত কারনে গতকালই তাঁকে এইমসে ভর্তি করানো হয়। তিনি বেশ কিছুদিন ধরে অসুস্থ ছিলেন। চিকিৎসকদের সব চেষ্টা বিফলে যায়। মৃত্যু কালে ডঃ মনমোহন সিং- এর বয়স, হয়েছিল ৯২ বছর। ২০০৪ সাল থেকে ২০১৪ সাল পর্যন্ত ইউ পি এ জমানায় তিনি দুবার প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি আরও বহু গুরুত্বপূর্ণ পদে আসীন ছিলেন। প্রাক্তন প্রধানমন্ত্রী পি ভি নরসীমা রাও-এর আমলে তিনি অর্থ মন্ত্রীর দায়িত্বে ছিলেন। তাঁর নেতৃত্বে দেশে প্রথম আর্থিক সংস্কার সাধিত হয়। তাঁর মৃত্যুতে দেশে গভীর শোকের ছায়া নেমে আসে। প্রাক্তন এই কংগ্রেস নেতার মৃত্যুর খবর শুনে গতকাল রাতেই এইমসে ছুটে যান কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রী এবং বিজেপি সভাপতি জগৎ প্রকাশ নাড্ডা। কংগ্রেস নেতৃবৃন্দও এইমস হাসপাতালে যান। খবর শুনে প্রচুর মানুষের ভিড় হয় হাসপাতালের সামনে। প্রয়াত ডঃ মনমেহন সিংএর জন্ম ১৯৩২ সালের ২৬ সেপ্টেম্বর অভিভক্ত পাঞ্জাব প্রদেশে।

*************************

**Condolences:**

ডঃ মনমোহন সিং এর মৃত্যুতে কেন্দ্রীয় সরকার সাতদিনের রাষ্ট্রীয় শোকের ঘোষণা করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ডঃ মনমোহন

সিং এর মৃত্যুতে গভীর শোক ও তার পরিবার পরিজনদের প্রতি সমবেদনা জানিয়েছেন। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ,  স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রী জে পি নাড্ডা, ডোনারমন্ত্রী জ্যেতিরাদিত্য সিন্ধিয়া শোক ও সমবেদনা জানিয়েছেন। রাজ্যের মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, বিজেপি প্রদেশ সভাপতি  ও সাংসদ রাজীব ভট্টাচার্য,  সাংসদ বিপ্লব কুমার দেব, প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহাও গভীর শোক সমবেদনা জানিয়েছেন।

অল ইন্ডিয়া কংগ্রেস কমিটি এআইসিসি তাদের সব কর্মসূচী সাত দিনের জন্য বাতিল করেছে।

*************************

**CM-Agartala :**

শ্রী শ্রী মহানামব্রত ব্রহ্মচারীর ১২১তম শুভ আবির্ভাব উপলক্ষে গতকাল শ্রী শ্রী মহানাম অঙ্গন আশ্রমে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। তিনি আশ্রমের বিভিন্ন সামাজিক কাজের প্রসংশা করে বলেন বিভিন্ন অসামাজিক কাজ থেকে বিরত থেকে সামাজিক কাজে নিজেকে নিয়োজিত করতে পারলেই মানব ধর্ম পালনের স্বার্থকতা আসে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, নিগমের কর্পোরেটর রত্না দত্ত সহ অন্যান্যরা। গতকাল শতাধিক দুঃস্থদের মধ্যে শীত বস্ত্র তুলে দেন মুখ্যমন্ত্রী সহ আমন্ত্রিত অতিথিরা।

*************************

**Beer Baal Dibas:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জোর দিয়ে বলেছেন যে তরুণদের শক্তির কারণে বিশ্ব ভারতকে গতকাল প্রত্যাশার চোখে দেখে। গতকাল নতুনদিল্লিতে ভারত মণ্ডপমে বীর বাল দিবসের অনুষ্ঠানে ভাষণে প্রধানমন্ত্রী বলেন, সরকারের নীতিতে সবচেয়ে বেশি আলোকপাত

করা হয় তরুণদের ক্ষমতায়নে। তিনি বলেন যে সমস্ত নীতি, স্টার্ট-আপ ইকোসিস্টেম, স্পেস ইকোনমি, খেলাধুলা, উৎপাদন শিল্প, দক্ষতা উন্নয়ন বা ইন্টার্নশিপ প্রকল্পগুলির লক্ষ্য যুবকেন্দ্রিক এবং সেগুলি তরুণদের উপকার করার জন্য।

প্রধানমন্ত্রী মোদি এক লক্ষ যুবককে রাজনীতিতে আনার বিষয়টি উল্লেখ করে বলেন যে এই উদ্যোগটি পরবর্তী ২৫ বছরের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং একটি নতুন প্রজন্মকে রাজনীতিতে আনতে তরুণদের এই প্রচারণার অংশ হবার আহ্বান জানান তিনি।

************************

**BJP, Veer Baal Diwas:**

শিখদের দশম গুরু গোবিন্দ সিংয়ের শিশু সন্তান সাহেবজাদা জোরওয়ার সিং এবং ফতেহ সিং মুঘলদের সঙ্গে যুদ্ধে বীরের মতো শহিদ হওয়ার স্মরণে, গতকাল 'বীর বাল দিবস' পালন করা হচ্ছে। কেন্দ্র সরকার এই বছরের ৯ জানুয়ারি এই দিবস পালনের কথা ঘোষণা করে। বিজেপি রাজ্য সদর দপ্তরে এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে দুই যোদ্ধার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন বিজেপি দলের রাজ্য সাধারণ সম্পাদক ভগবান দাস।

************************

**Sudhangsu Das :**

তপশিলি জাতি কল্যাণ, প্রাণী সম্পদ বিকাশ ও মৎস্য দপ্তরের মন্ত্রী সুধাংশু দাসের পৌরোহিত্যে গতকাল পশ্চিম ত্রিপুরা জেলা শাসকের কার্যালয়ে পশ্চিম জেলা ভিত্তিক একটি পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক তথা সমাহর্তা ডাঃ বিশাল কুমার, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, বিধায়ক রতন চক্রবর্তী, বিধায়িকা মীনা রানী সরকার, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী সহ অন্যান্য

অধিকারিকগণ। বৈঠকে ২০২৪-২৫ অর্থ বছরের বাজেটে তপশিলি জাতি কল্যাণ, প্রাণী সম্পদ বিকাশ ও মৎস্য দপ্তরের যেসকল লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছিল তা কতখানি বাস্তবায়িত করা গেছে সে ব্যাপারে আলোচনা হয়।

************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে ডিসেম্বর রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১১৭তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের আজ পর্যন্ত খোলা থাকবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

************************

**Update Akashvani :**

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা /

ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

************************

**Saras Mela:**

আগরতলার হাঁপানিয়ার মেলা প্রাঙ্গনে আয়োজিত ১৩ দিনব্যাপী আঞ্চলিক সরস মেলা গতকাল শেষ হয়েছে। সমাপ্তি অনুষ্ঠানে শিল্প ও বানিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা মহিলাদের স্বনির্ভর হওয়ার উপর গুরুত্ব দেন। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার।

************************

**Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালের দিকে কুয়াশা থাকবে। আজ ভোরে আগরতলায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২.২ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৭ ডিগ্রির কাছাকাছি। আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

************************

************************